



নিলাম বিজ্ঞপ্তি  
বিজিবি, সেক্টর সদর দপ্তর, গুইমারা

বর্ডার গার্ড বাংলাদেশ, সেক্টর সদর দপ্তর, গুইমারা এবং অধীনস্থ ব্যাটালিয়ন সমূহের সৈনিকদের ব্যবহৃত নিয়ম সিদ্ধ পুরাতন পোশাক পরিচ্ছদ এবং বিবিধ দ্রব্য সামগ্রী আগামী ১৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখ সকাল ১১০০ ঘটিকায় সেক্টর সদর দপ্তর, গুইমারা নিলামে বিক্রয় করা হবে। উক্ত নিলামে দরপত্র সিডিউল ক্রেতাগণ বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে ১২ ফেব্রুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত প্রত্যহ সকাল ১০০০ ঘটিকা হতে ১৪০০ ঘটিকার মধ্যে যে কোন কার্য দিবসে (সরকারী ছুটির দিন ব্যতীত) ৪০০/- (চারশত) টাকা মূল্যে দরপত্র ক্রয় করতে এবং উক্ত দ্রব্যাদির অবস্থা সরেজমিনে প্রত্যক্ষ করতে পারবেন। নিলামে অংশগ্রহণকারী ক্রেতাগণকে দরপত্রে দাখিলকৃত মোট দরের ১০% জামানত সেক্টর কমান্ডার, বিজিবি গুইমারা এর অনুকূলে ব্যাংক ড্রাফট/ডিডি মাধ্যমে জমা করতে হবে। নিলাম কার্য সম্পন্ন হওয়ার সাথে সাথে অকৃতকার্য প্রার্থীর জমাকৃত ড্রাফট/ডিডি ফেরত দেয়া হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত নিলাম বাতিল করার ক্ষমতা রাখেন।

হামিদ-উর-রহমান  
অতিরিক্ত পরিচালক (অপারেশন)  
টেলি : ০৩৭১-৯১০২৫